

💵 হজ উমরা ও যিয়ারত

বিভাগ/অধ্যায়ঃ পঞ্চম অধ্যায় : উমরা রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ,কম

উমরা সংক্রান্ত কিছু মাসআলা

- ১. উমরার কোনো রুকন ছুটে গেলে উমরা আদায় হবে না। তবে সেই রুকনটি আদায় করলে উমরা হয়ে যাবে।
- ২. উমরার কোনো ওয়াজিব ছুটে গেলে তা আবার করে নিলে উমরা হয়ে যাবে, তা সম্ভব না হলে দম দিয়ে তা শুধরে নেওয়ার সুযোগ রয়েছে।
- ৩. উমরা অবস্থায় কেউ যৌন সঙ্গম করলে, যদি এ কাজটি বাইতুল্লাহ্র তাওয়াফের পূর্বে সংঘটিত হয়ে থাকে তবে সর্বসম্মতিক্রমে তার উমরা বাতিল হয়ে যাবে। আর যদি তাওয়াফের পর সাফা-মারওয়ার সাঈ এর পূর্বে হয়, তাহলেও অধিকাংশ আলেমদের নিকট তার উমরা নষ্ট হয়ে যাবে। তবে তাকে সর্বাবস্থায় এ নষ্ট উমরাটির কাজ চালিয়ে যেতে হবে। তারপর সেটার কাযা করতে হবে এবং হাদী যবেহ করতে হবে। আর যদি বাইতুল্লাহর তাওয়াফ ও সাফা-মারওয়ার সাঈ করার পর মাথার চুল ছোট বা মুগুনোর পূর্বে সঙ্গম অনুষ্ঠিত হয়, তবে তার উমরা আদায় হয়ে গেলেও তাকে একটি ছাগল ফিদয়া হিসেবে যবেহ করতে হবে। ইবন আব্বাস রা. থেকে অনুরূপ বর্ণিত হয়েছে।[1]

ফুটনোট

[1]. বাইহাকী : ৫/১২৭; আদওয়াউল বায়ান ৫/৩৮৯; আল-ইস্তিযকার ১২/২৯০।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=7395

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন